



খুদে বিজ্ঞানীদের মিলনমেলা

● মেহেদী হাসান

দেশে বর্তমানে চলছে পেট্রোল বোমা আতঙ্ক। এখন থেকে শুধু পেট্রোল বোমায় নয় যেকোনো ধরনের বোমার আতঙ্ক যোচাতে এবং সাধারণ মানুষের নিরাপত্তার স্বার্থে পেট্রোল বোমা নিরোধক বাস উদ্ভাবন করেছে একদল খুদে বিজ্ঞানী। এ বাসের প্রকল্পটি প্রদর্শন করে রাজশাহীর রংধনু বিজ্ঞান ক্লাবের খুদে বিজ্ঞানীরা।

রাজশাহী বিজ্ঞান ও শিল্প গবেষণাগারের (বিসিএসআইআর) উদ্যোগে আয়োজিত তিনদিনব্যাপী বিজ্ঞান মেলা রাজশাহী শহরের বিভিন্ন স্কুল থেকে আগত খুদে বিজ্ঞানীদের মিলন মেলায় পরিণত হয়। খুদে বিজ্ঞানীদের বিভিন্ন ধরনের প্রকল্প দেখতে রাজশাহীতে বিভিন্ন পর্যায়ের মানুষের ঢল নামে মেলায়।

গত ৬ মার্চ শুক্রবার থেকে ৮ মার্চ রবিবার পর্যন্ত তিনদিনব্যাপী বিসিএসআইআর বিজ্ঞান মেলার আয়োজন করে। মেলায় শুধু পেট্রোল বোমা নিরোধক বাসই নয় ক. খ এবং গ গ্রুপ প্রথম স্থান অধিকার করে যথাক্রমে রাজশাহীর সৃষ্টি সেন্ট্রাল স্কুল অ্যান্ড কলেজ ও কলেজিয়েট স্কুল যৌথভাবে, শিমুল মেমোরিয়াল নর্থ সাউথ স্কুল, কলেজিয়েট স্কুল, অগ্রণী বিদ্যালয় ও মহাবিদ্যালয়, শহীদ মামুন মাহমুদ পুলিশ লাইন্স স্কুল অ্যান্ড

কলেজসহ মোট ২৯টি প্রতিষ্ঠানের ৪২টি স্টল বরাদ্দ দেয়া হয়। গত ৮ মার্চ রবিবার বিসিএসআইআর পরিচালক ড. মো. মনসুর রহমানের সভাপতিত্বে মেলার সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে যুক্তরাজ্যে নিযুক্ত বাংলাদেশের সাবেক রাষ্ট্রদূত, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. এম সইদুর রহমান খান উপস্থিত থেকে বিজয়ী খুদে বিজ্ঞানীদের হাতে পুরস্কার তুলে দেন।

মেলায় ফায়ার প্রটেক্টর, রুম ফিটার অ্যান্ড কুলার, সেকটি প্রিকশন অব রেলওয়ে, হেলপিং হ্যান্ড ফর দ্য ব্লাইন্ড, ফ্রি ইলেকট্রিসিটি জেনারেটিং সিস্টেম, লো কস্ট সোলার প্লাস্ট, ভূমিকম্প নিরাপদ স্থাপনা, রেল লাইনে নাশকতা রোধ সতর্কীকরণ বার্তা, পেরিস্কোপ, হেলিড্রোন, আর্মি রোবট, অটো রেল জর্সিং, মোবাইলের মাধ্যমে নিরাপত্তা ব্যবস্থা, ফরমাগিন দূরীকরণসহ মোট ১৩০টি প্রকল্প উপস্থাপন করে খুদে বিজ্ঞানীরা।

২০০৮ সালের পর থেকে প্রতিবছর জানুয়ারি থেকে মার্চ মাসের মধ্যে এ মেলার আয়োজন করে থাকেন বিসিএসআইআর। এবার অষ্টম বারের মতো এ মেলার আয়োজন করল প্রতিষ্ঠানটি। নিয়মিত বিজ্ঞান মেলার আয়োজন করে এ প্রতিষ্ঠানটি শিক্ষার্থীদের বিজ্ঞান মনস্ক করে গড়ে তোলার চেষ্টা করে যাচ্ছে।